



**IFIC BANK LIMITED**  
**BDBL Bhaban (10<sup>TH</sup> Floor)**  
**8 Rajuk Avenue, Dhaka-1000**

### প্রেস বিজ্ঞপ্তি

আই এফ আই সি ব্যাংকের অর্ধ-বার্ষিক বিজনেস সম্মেলন-২০১২ অনুষ্ঠিত



গত শুক্রবার হোটেল পূর্বাণীতে আইএফআইসি ব্যাংকের অর্ধ-বার্ষিক বিজনেস সম্মেলন ২০১২ অনুষ্ঠিত হয়। এ সময়ে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, কোম্পানী সচিবসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা ও শাখা ব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা, জুলাই ১৫, ২০১২ঃ গত শুক্রবার আই এফ আই সি ব্যাংকের অর্ধ-বার্ষিক বিজনেস সম্মেলন-২০১২ মতিঝিলের পূর্বাণী হোটেলে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে ব্যাংকের শাখাসমূহের চলতি বছরের প্রথম ৬ মাসের ব্যবসায়িক কার্যক্রমের মূল্যায়ন এবং ২০১২ সালে ব্যাংকের সামগ্রিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের কৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ আবদুল্লাহ, উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মতিউল হাসান, জনাব জাইতুন সাইফ ও জনাব ওয়াকার হাসান, কোম্পানী সচিব আ.ক.ম. মোজহারুল হক, চীফ ফাইন্যান্সিয়াল অফিসার এস.এম. আব্দুল হামিদ এবং প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও ১০১টি শাখা, ০৬ (ছয়টি) এস এম ই/ কৃষি শাখা এবং ০২ (দুইটি) এস এম ই সার্ভিস সেন্টারের শাখাব্যবস্থাপকগণ উক্ত সম্মেলনে উপস্থিত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ আবদুল্লাহ বলেন, ব্যাংকিং খাত খুবই চ্যালেঞ্জিং সময় অতিক্রম করছে। আইএফআইসি ব্যাংক প্রতিষ্ঠানিক সর্বমতা বাড়ানো ও পেশাদার ব্যবস্থাপনার মাধ্যমে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে আশানুরূপ মুনাফা অর্জন করেছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। এছাড়াও ব্যাংকের মূলধনের পর্যাপ্ততা বাড়ানোর জন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

#